

৬৫/৭৭ ইতিহাস

তারিখ
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

সিলেট সরকারি গ্রন্থাগার প্রসঙ্গে

সিলেট সরকারি গ্রন্থাগার সিলেটের একটি ঐতিহ্যবাহী গ্রন্থাগার। লাইব্রেরিটির প্রধান কার্যালয় সিলেট শহরের প্রাণকেন্দ্র স্টেডিয়াম মার্কেটে সমাজকল্যাণ অফিসের পাশে অবস্থিত। সেটির অস্থায়ী কার্যালয় আশ্রয়খানা বড় বাজারে অবস্থিত। আমি সেই লাইব্রেরির একজন নিয়মিত ফুদে পাঠক। কিন্তু

লাইব্রেরির পরিচালকের সূচী ব্যবস্থাপনার অভাবে সেখানে আমার মতো আরও অসংখ্য পাঠকের বিড়ম্বনার সীমা নেই। কারণ লাইব্রেরিতে যারা পড়তে আসে তারা সবাই দেশের সচেতন নাগরিক। তারা সবাই চান দেশের প্রকৃত

স্বরাষ্ট্রের আগে জ্ঞানতে; কিন্তু দেশের স্বরাষ্ট্রলো জ্ঞানার জন্য একজন পাঠকের পক্ষে সবগুলো সংবাদপত্র রাখা সম্ভবপর নয়, বিধায় আমরা সিলেট সরকারি গ্রন্থাগারের দ্বারস্থ হই; কিন্তু সেখানে গিয়ে দেখা যায়, গ্রন্থাগারের কর্মকর্তার গাফিলতির জন্য প্রতিদিন পেপার আসে

দুপুর ২টা থেকে বিকেল ৩টার মধ্যে। পেপার পড়ার অপেক্ষায় সকাল ১০টা থেকে বিকেল ৩টার বেশি সময় ধরে বসে থাকা একজন পাঠকের পক্ষে খুবই কষ্টকর এবং অধিকসংখ্যক পাঠক বিরক্তি নিয়ে অনেক সময় চলেও যায়।

এ ব্যাপারে গ্রন্থাগারের পরিচালকের সঙ্গে কথা বললে তিনি পাঠকদেরকে বলেন, হুকার পেপার দিতে দেরি করায় পেপার একটু দেরিতে আসে। সিলেট শহরে প্রতিদিন সকাল ১০টার মধ্যে সব পেপার চলে আসে। অথচ লাইব্রেরিতে পেপার আসে দিনের একেবারে শেষ প্রান্তে। তাছাড়া লাইব্রেরিতে যে কয়েকটি

সাপ্তাহিক ম্যাগাজিন রাখা হয় সেগুলোও আবার দু'সপ্তাহেরও বেশি সময় ধরে পড়তে হয় পাঠককে। এদিকে গ্রন্থাগারের পরিচালকের কোন খেয়াল নেই। এ অবস্থা চলতে থাকলে দিন দিন গ্রন্থাগারের পাঠক সংখ্যা যে কমে আসবে তাতে কোন সন্দেহ নেই।

তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন, এ ব্যাপারে সদয় দৃষ্টি দিয়ে আমাদেরকে এ বিড়ম্বনা থেকে রক্ষা করবেন সেটাই পাঠকদের একমাত্র প্রত্যাশা।

পাঠকদের পক্ষে
সুকুমার রায়